



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ২৮.০৭.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার ষোলধারা গ্রামে চাকরি না ছাড়ায় স্বামী কর্তৃক স্ত্রীকে কুপিয়ে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৮ জুলাই, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে- মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার ষোলধারা গ্রামে চাকরি না ছাড়ায় স্বামী কর্তৃক স্ত্রীকে কুপিয়ে হত্যা করার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, নিহত সুমি আক্তার একটি বেসরকারি সংস্থার মাঠকর্মী হিসেবে চাকরি করতেন। গত ১৫ মে, ২০২২ তারিখ মানিকগঞ্জ জেলার জজ কোর্টের এক আইনজীবীর সহকারী রাসেল মোল্লা রূপকের সাথে তার বিয়ে হয়। কথা ছিল, বিয়ের পরও সুমি চাকরি চালিয়ে যাবেন। কিন্তু বিয়ের পর রূপকসহ শ্বশুরবাড়ির লোকজনের মত পাল্টে যায় এবং সুমিকে চাকরি ছাড়ার জন্য তারা চাপ দিতে থাকেন এবং সুমির ওপর শারীরিক ও মানসিক নির্যাতন করতে থাকেন। সুমি চাকরি ছাড়ার জন্য রাজিও ছিলেন। কিন্তু বিকল্প দক্ষ কর্মী না পাওয়ায় অফিস সুমিকে চাকরি না ছাড়ার জন্য অনুরোধ করেছিলেন যার জন্য সুমির কিছুটা সময় প্রয়োজন ছিল। এরই মধ্যে ২১ জুলাই, ২০২২ তারিখ চাকরি ছাড়া নিয়ে রূপক ও সুমি আক্তারের সাথে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে রূপক উত্তেজিত হয়ে দা দিয়ে সুমিকে কুপিয়ে হত্যা করেন। এ ঘটনায় নিহত সুমির বাবা ঘিওর থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, নারী ও কন্যার প্রতি সহিংসতার ঘটনা বেড়েই চলেছে। ফলে নারী ও শিশুর নিরাপত্তা চরমভাবে বিঘ্নিত হচ্ছে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতিকে বিঘ্নিত করছে। এরূপ পরিস্থিতিতে বাংলাদেশ মহিলা পরিষদ নারী ও কন্যার নিরাপত্তার বিষয়ে উদ্বিগ্ন।

উপরোল্লিখিত ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। একইসাথে নারীর পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছে। সেইসাথে নারী ও কন্যার প্রতি সহিংসতা এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ